

যুগ্মাত্ম্য

এলএলবি চালুর দাবি

পরিপ্রবিতে ডিন অবরুদ্ধ, বিক্ষোভ

প্রকাশ : ২৬ সেপ্টেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রণ

 দুর্মিকি (পটুয়াখালী) প্রতিনিধি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) ভূমি ব্যবস্থাপনা ও প্রশাসন অনুষদের শিক্ষার্থীরা এলএলবি কোর্স চালুর দাবিতে অনুষদের ডিন আকম মোস্তফা জামানকে অবরুদ্ধ করে রেখেছে।। শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে আন্দোলন করলেও বুধবার রাত ৮টা থেকে মোস্তফা জামানকে তার অফিস কক্ষে অবরুদ্ধ করে রাখে। এই দাবিতে শিক্ষার্থীরা ৫ সেপ্টেম্বর থেকে ক্লাস ও ৯ সেপ্টেম্বর থেকে পরীক্ষা বর্জন করে আসছিল। শিক্ষার্থীরা বলছেন, অন্য বিশ্ববিদ্যালয়ে এলএলবি কোর্স চালু থাকলেও পরিপ্রবিতে নেই। সর্বশেষ কর্তৃপক্ষের সঙ্গে ছাত্রদের বৈঠক ব্যর্থ হওয়ার পর তাকে অবরুদ্ধ করে শিক্ষার্থীরা বিক্ষোভ শুরু করেন। আন্দোলনকারী শিক্ষার্থী মশিউর রহমান বাবু ও রেদোয়ানুল ইসলাম আমি জানান, আমাদের সঙ্গে প্রশাসন ছলচাতুরি করছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে এলএলবি কোর্স থাকলেও আমাদের এই বিশ্ববিদ্যালয়ে দেয়া হচ্ছে না। দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।